

খাবারের মান বৃদ্ধি ও ওয়াশরুম সংক্ষারসহ ১৫ দফা দাবিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) এএফ রহমান হলে তালা খুলিয়ে বিক্ষেপ করেছে শিক্ষার্থীরা। গতকাল রবিবার দুপুরে হলের প্রধান ফটকের সামনে অবস্থান নিয়ে তারা এ বিক্ষেপ করেন।

advertisement

১৫ দফা দাবিগুলো হলো- ওয়াশরুম সংক্ষার করতে হবে, প্রতি ব্লকে ওয়াটার ফিল্ডার দিতে হবে, ডাইনিংয়ে লোকসংখ্যা বাড়াতে হবে, খাবারের মান বৃদ্ধি করতে হবে, আর্সেনিকমুক্ত পানি দিতে হবে, মশা নিধনের ব্যবস্থা করতে হবে, খেলার মাঠ সংক্ষার করতে হবে, খেলাধুলার সরঞ্জামের ব্যবস্থা, বিভিন্ন

advertisement 4

রুমে আসবাবপত্র নিশ্চিত করতে হবে এবং ড্রেনেজ সংস্থার ও পরিষ্কার রাখতে হবে।

শিক্ষার্থীদের অভিযোগ, এএফ রহমান হলে খাবারের অবস্থা খুবই খারাপ। ডাইনিংয়ে দীর্ঘদিন পর্যন্ত কর্মচারী সংকট রয়েছে। পানিতে রয়েছে মাত্রাতিরিক্ত আর্সেনিক। পানির রঙ লাল থাকায় হাউসে গোসল করা যায় না। এ বিষয়গুলোর ব্যাপারে আমরা অনেকবার অভিযোগ দিয়েছি। কিন্তু সমস্যার কোনো সমাধান হয়নি।

চবির রাষ্ট্রবিজ্ঞান বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী বায়েজিদ সিকদার বলেন, হলে প্রভোস্ট নেই এক মাস ধরে। আমরা আমাদের সমস্যার কথা কাউকে বলতে পারছি না। যদিও এর আগের প্রভোস্টকে আমরা বিষয়গুলো জানিয়েছিলাম। সমাধান হয়নি। তাই বাধ্য হয়ে তালা দিয়েছি। সমাধান না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাব।

প্রফেসর ড. রবিউল হাসান ভুঁইয়া বলেন, ছাত্ররা বিভিন্ন দাবিতে তালা দিয়েছে। আমরা তাদের সঙ্গে কথা বলে সমস্যাগুলো সমাধানের চেষ্টা করছি।